গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কমিশনারের কার্যালয়
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা
প্লট # ২ ও ৪, রোড # ১, ব্লক # এ, মিরপুর-১১, ঢাকা-১২১৬
website : www.vatdhakawest.gov.bd

# নিয়োগ বিজ্ঞপ্তি

নথি নং-২-২(৯২০)জনপ্রশাঃ/নিয়োগ/২০২৪/ ২৬৯৮ তারিখঃ ০৮/০৪/২০২৫ খ্রিঃ

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা এর পত্র নং-০৮.০০.০০০০.০৩৮.১১.০৩২.২৪-৭৫০, তারিখঃ ২০.১১.২০২৪ খ্রিঃ এর অনুমোদন অনুযায়ী কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা এর নিম্নে উল্লিখিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে বিধি মোতাবেক নিয়োগের উদ্দেশ্যে বর্ণিত জেলাসমূহের প্রকৃত স্থায়ী বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে ছকে বর্ণিত শর্তসাপেক্ষে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছেঃ

| ক্রম | পদের নাম ও বেতন স্কেল | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১. | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৪, বেতন স্কেল-১০২০০-২৪৬৮০/- | ০২টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>গ) সাঁটলিপি তে সর্বনিম্ন গতি বাংলায় প্রতি মিনিটে ৪৫ শব্দ ও ইংরেজিতে ৭০ শব্দ থাকতে হবে; কম্পিউটার মুদ্রাক্ষরে বাংলায় প্রতি মিনিটে ২৫ শব্দ ও ইংরেজিতে ৩০ শব্দ থাকতে হবে; | ঢাকা, মানিকগঞ্জ, টাংগাইল ও জামালপুর জেলার স্থায়ী বাসিন্দা |
| ২. | উচ্চমান সহকারী<br>গ্রেড-১৪, বেতন স্কেল-১০২০০-২৪৬৮০/- | ০৪টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>গ) Word Processing/Data Entry/Typing ইত্যাদির ক্ষেত্রে সর্বনিম্ন গতি বাংলায় প্রতি মিনিটে ২৫ শব্দ ও ইংরেজিতে ৩০ শব্দ থাকতে হবে; | |
| ৩. | ক্যাশিয়ার<br>গ্রেড-১৪, বেতন স্কেল-১০২০০-২৪৬৮০/- | ০৪টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে (Word Processing সহ কম্পিউটার চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে; | |
| ৪. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬, বেতন স্কেল-৯৩০০-২২৪৯০/- | ০৩টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | (গ) গতি বাংলায় প্রতি মিনিটে ২০ শব্দ ও ইংরেজিতে ২০ শব্দ থাকতে হবে; | |
| ৫. | ড্রাইভার<br>গ্রেড-১৬, বেতন স্কেল-৯৩০০-২৪৪৯০/- | ০২টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ড্রাইভিং লাইসেন্স:<br>(গ) গ্রেড-১৬ এর ক্ষেত্রেঃ হালকা গাড়ি চালনার বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স;<br>(ঘ) অভিজ্ঞতাসম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাবেন; | |
| ৬. | সিপাই<br>গ্রেড-১৭, বেতন স্কেল-৯০০০-২১৮০০/- | ৩১টি | (ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমানের পরীক্ষার উত্তীর্ণ;<br>(খ) উচ্চতা: ৫ ফুট ৪ ইঞ্চি (পুরুষ), ৫ ফুট ২ ইঞ্চি (মহিলা); এবং<br>(গ) বুকের মাপ: ৩০-৩২ ইঞ্চি (উভয় ক্ষেত্রে); | |
| ৭. | ডুপ্লিকেটিং মেশিন অপারেটর (ডিএমও)<br>গ্রেড-১৮, বেতন স্কেল-৮৮০০-২১৩১০/- | ০২টি | (ক)স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে/সমমানের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) ফটোকপি মেশিন চালনার বাস্তব অভিজ্ঞতা;<br>(গ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা। | |
| ৮. | ডেসপাচ রাইডার<br>গ্রেড-১৮, বেতন স্কেল-৮৮০০-২১৩১০/- | ০১টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) মোটর সাইকেল চালনায় বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত বৈধ লাইসেন্সধারী;<br>(গ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং | |
| ৯. | অফিস সহায়ক<br>গ্রেড-২০, বেতন স্কেল-৮২৫০-২০০১০/- | ১৫টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; | |

নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:

১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে;

২। সাধারণ ও বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ০১/০১/২০২৫ তারিখে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের জন্য কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়;

৩। সরকারি/ আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে;

৪। সকল প্রার্থীকে অনলাইনে টেলিটকের ওয়েবসাইটের মাধ্যমে ১৩/০৪/২০২৫ তারিখ সকাল ১০.০০ টা হতে ০৪/০৫/২০২৫ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে আবেদন করতে হবে। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ পরবর্তীতে এসএমএস-এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন। টাকা জমা না দেয়া পর্যন্ত অনলাইনে আবেদন গৃহীত হবে না। একবার এসএমএস করে আবেদন ফি জমা দিলে তা প্রত্যাহার করা যাবে না;

৫। বর্ণিত পদের জন্য লিখিত পরীক্ষা, ব্যবহারিক ও শারীরিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন;

৬। (ক) মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form সহ সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া, জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র হিসাবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ এবং আবেদনকারী মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার পুত্র-কন্যা হলে সে মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি এবং চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র দাখিল করতে হবে;

(খ) শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক কর্তৃক প্রদত্ত সনদপত্র;

(গ) তৃতীয় লিঙ্গের প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদপত্র;

(ঘ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীর সদস্যদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র;

৭। আবেদনকারীকে পরীক্ষার ফি বাবদ উচ্চমান সহকারী, সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, ক্যাশিয়ার, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, ড্রাইভার পদের জন্য প্রার্থীর পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা এবং ভ্যাট ও টেলিটকের কমিশনসহ ১১২/- (একশত বার) টাকা এবং সিপাই, ডেসপাস রাইডার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর (বর্তমানের ফটোকপি মেশিন অপারেটর), অফিস সহায়ক পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা এবং ভ্যাট ও টেলিটকের কমিশন সহ ৫৬/- হারে ফি জমা প্রদান করতে হবে। সকল গ্রেডের (অনগ্রসর নাগরিকদের ক্ষেত্রে ৫০/- (পঞ্চাশ) টাকা এবং ভ্যাট ও টেলিটকের কমিশন সহ ৫৬/- হারে ফি জমা প্রদান করতে হবে);

৮। লিখিত, মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না;

৯। যে কোন তথ্য ও কারিগরি সহযোগিতার জন্য Teletalk Customer Care এ যোগাযোগ অথবা Teletalk মোবাইল থেকে ১২১ এ ফোন করা যেতে পারে;

১০। নিয়োগের ক্ষেত্রে কোটা সম্পর্কিত প্রচলিত সর্বশেষ সরকারি নীতিমালা/পরিপত্র/গেজেট অনুসরণ করা হবে।

১১। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই বিজ্ঞপ্তি সংশোধন/ বাতিল/ নতুন পদ যোগ করার অধিকার সংরক্ষণ করেন ;

১২। বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা কমানো/ বাড়ানো বা কাউকে নিয়োগ প্রদানের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন ;

১৩। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ করতে কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না ;

১৪। এ নিয়োগ বিজ্ঞপ্তি, লিখিত, ব্যবহারিক ও পরীক্ষার তথ্য কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট ঢাকা পশ্চিম এর ওয়েবসাইট www.vatdhakawest.gov.bd এ পাওয়া যাবে;

১৫। Online ফরম এর সকল অংশ (ছবিসহ) যথাযথভাবে পূরণ করে দিতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল করা হবে;

১৬। আবেদনপত্রে কোন তথ্য গোপন করা হলে বা কোন অসত্য তথ্য প্রদান করা হলে প্রার্থীর প্রার্থীতা বাতিল (যেকোন সময়ে) করা হবে এবং এ কারণে প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৭। উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি বিধান প্রযোজ্য হবে।

১৮। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়:

(ক) পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণ http://vatdw.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ১৩/০৪/২০২৫ খ্রিষ্টাব্দ সকাল-১০:০০ ঘটিকা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ৪/০৫/২০২৫ বিকাল-০৫:০০ ঘটিকা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সর্ম্পকে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online- এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (Web-এ) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy-তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত PDF কপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকে ক্রমিক নং ১ থেকে ৫ নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ১২/- টাকাসহ মোট ১১২/- (একশত বাইশ) টাকা এবং এবং ৬ থেকে ৯ নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৬/- টাকাসহ মোট ৫৬/- (ছাপান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। **তবে অনগ্রসর শ্রেণীর প্রার্থীদের জন্য সকল পদে ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৬/- টাকাসহ মোট ৫৬/- (ছাপান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।** এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"

SMS নিয়মাবলী:

প্রথম SMS : **VATDW**<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **VATDW ABCDEF** & send to 16222

Reply: Applicant's Name, TK-56/112 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type **VATDW** <Space>Yes<space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: **VATDW** <space>**Yes**<space> **PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **VATDW Yes 12345678** & send to 16222

Reply: Congratulations! Applicant's Name, Payment completed successfully for **VATDW** Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://vatdw.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত

যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে **VATDW** <space>Help<space>User<space>User ID & Send to 16222.

Example: **VATDW** Help User ABCDEF & Send to 16222.

(ii) PIN Number জানা থাকলে **VATDW** <space>Help<space>PIN<space>PIN Number & Send to 16222.

Example: **VATDW** Help PIN 12345678 & Send to 16222.

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকার ওয়েবসাইট www.vatdhakawest.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদ্‌সংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.vatdhakawest.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা dhakawestcomm@yahoo.com ই-মেইল যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: **VATDW**, Post Name: * * *, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বো কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহন করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৯। Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২০। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

(মুহাম্মদ রাশেদুল আলম)<br>
কমিশনার<br>
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশানরেট<br>
ঢাকা (পশ্চিম) ঢাকা<br>
ও<br>
সভাপতি<br>
বিভাগীয় নির্বাচন কমিটি।